বিধবা ভাতার প্রচলন
শেখ হাসিনারই উদ্ভাবন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা শাখা
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০২.১৯. ৫৪৩

তারিখ: ০২ ডিসেম্বর ২০২০

বিষয়: বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে ২০২০-২১ অর্থবছরে অতিরিক্ত উপকারভোগীর ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ২০২০-২১ অর্থবছরে দেশের দরিদ্রপ্রবণ ১১২ টি উপজেলায় বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসুচির আওতায় উপকারভোগীর সংখ্যা শতভাগে উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে মাঠপর্যায় হতে প্রাপ্ত চাহিদা ও আদমশুমারী ২০১১ অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিটের জনসংখ্যার আনুপাতিক হারে প্রণীত ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক বিভাজন এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

১. প্রেরিত বরাদ্দ অনুযায়ী বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসুচির বিদ্যমান বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে তালিকা চুড়ান্ত করতে হবে।

২. চলতি অর্থবছরেই নির্বাচিত ভাতাভোগীদের G2P পদ্ধতিতে ভাতা প্রদানের লক্ষ্যে MIS এ ডাটা এন্ট্রি ও ডাটা ভেলিডেশন সম্পন্ন করতে হবে।

৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে উপকারভোগীর তালিকাভুক্তিকরণ ও হিসাব খোলার কাজ সম্পন্ন করে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. প্রেরিত বরাদ্দের অনুকূলে শীঘ্রই সরকারী সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা হবে।

(শেখ রফিকুল ইসলাম)
মহাপরিচালক
☎ ০২-৫৫০০৯০২৪

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)

বিতরণ:
কার্যার্থে:
১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট সকল)।
২. উপজেলা সমাজসেবা অফিসার (সংশ্লিষ্ট সকল)।

সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
২. পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল)।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সংশ্লিষ্ট সকল)।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)।